দৈনিক বাংলা

তারিখ ... 05 OCT 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

33

# ভার্সিটিতে অবৈধ ভর্তি বাতিলের উদ্যোগ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে অবৈধভাবে ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ভার্সিটিতে অবৈধ

(প্রথম পৃঃ পর)

ভর্তি বাতিলের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ সম্মান ও প্রথম পর্ব স্নাতকোত্তর শ্রেণীতে জালিয়াতির মাধ্যমে কিছুসংখ্যক ছাত্রছাত্রীর ভর্তির বিষয়ে কর্তৃপক্ষ অভিযোগ পান। আলাদাভাবে আরও বেশ কিছু ছাত্রছাত্রীর অনুরূপ ভর্তির বিষয় কর্তৃপক্ষের নজরে আসে। প্রাথমিক তদন্তে দেখা যায় যে ভুয়া কাগজপত্র দাখিল এবং জালিয়াতির মাধ্যমে প্রথম বর্ষ সম্মান ব্যবস্থাপনা ও হিসাব বিজ্ঞানে এবং প্রথম পর্ব স্নাতকোত্তর শ্রেণীতে দর্শন, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞানে এ ধরনের বেশ কিছু ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। বিস্তারিত তদন্তের মাধ্যমে এদের ভর্তি বাতিলের ব্যবস্থা নেয়া হচ্ছে।